**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০)
৫১-৫২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক: বিএসি/প্রশাসন/উদ্ভাবন/২০২১/৪৭৭৫

তারিখ : ১২ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ইনোভেশন টিমের ১ম সভা কাউন্সিলের কিউএ ও এনকিউএফ বিভাগের পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ তাজিব উদ্দিনের সভাপতিত্বে কাউন্সিলের সভা কক্ষে আগামী ৩০.০৯.২০২১ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### সভার আলোচ্যসূচি

১. ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে যৌথভাবে বাস্তবায়নযোগ্য একটি উদ্ভাবনী ধারণা, একটি সহজিকৃত সেবা এবং একটি ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য ছকপূরণ;
৩. বিবিধ।

২৭/৯/২০২১
(মোঃ আরাফাত হোসেন)
সহকারী পরিচালক
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)
০১. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-১২১২;
০২. পরিচালক (কিউএ ও এনকিউএফ বিভাগ), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-১২১২;
০৩. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-১২১২;
০৪. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা-১২১২;
০৫. মো: আবু সাঈদ, ব্যক্তিগত কর্মকর্তা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য), বিএসি, ঢাকা-১২১২;
০৬. মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা-১২১২
০৭. অফিস কপি/কাউন্সিলের ওয়েবসাইট।

# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০)
৫১-৫২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

## সভার হাজিরা সিট

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার ১ম সভা

তারিখ: ৩০.০৯.২০২১ খ্রি.

স্থান: কাউন্সিল সভা কক্ষ

সময়: দুপুর: ২.০০ ঘটিকা

| ক্রমিক | নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদ তাজিব উদ্দিন<br>পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল | 01789732829 | [signature] 30/09/21 |
| ২. | মোহাম্মদ আবদুল আলীম<br>উপপরিচালক<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল | 01715-194199 | [signature] 30.09.21. |
| ৩. | মো: আরাফাত হোসেন<br>সহকারীপরিচালক<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল | 01796271481 | [signature] 30.9.21 |
| ৪. | মোস্তফা জহির উদ্দিন<br>প্রশাসনিক কর্মকর্তা<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল | 01780211269 | [signature] 30.09.21 |

# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

গ্রীন ডেল্টা এইমস টাওয়ার (১১ তলা)

৫১-৫২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

বিষয়: ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন
পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

সভার তারিখ : ৩০.০৯.২০২১ খ্রি:

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিতি : জনাব মোহাম্মদ আবদুল আলীম, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), বিএসি, ঢাকা
জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক, বিএসি, ঢাকা
জনাব মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ) জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন এর সভাপতিত্বে বিএসি'র ইনোভেশন টিমের ২য় সভা ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখে কাউন্সিলের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করলে ইনোভেশন টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১। ৩০.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা;**

**উপস্থাপনা:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ইনোভেশন টিমের ৩০.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হলো।

| ক্রমিক | আলোচ্যসূচি | পর্যালোচনা | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| ২.১ | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আলোকে একটি সেবা সহজিকরণ; | ইতোমধ্যে কাউন্সিল কর্তৃক আয়োজিত সভা/ওয়ার্কশপ/ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের EFT পদ্ধতিতে সম্মানী প্রদান করার মাধ্যমে সেবা সহজিকরণ করা হয়েছে। এবিষয়ে কাউন্সিলের প্রশাসনিক কর্মকর্তা জনাব বাছির আহমদ সভাকে অবহিত করেন যে, অংশগ্রহণকারীগণ হতে প্রাপ্ত তথ্য অসম্পূর্ণ হবার কারণে কিছু কিছু ক্ষেত্রে সম্মানী প্রদানে সমস্যা দেখা গেলেও অধিকাংশ ক্ষেত্রেই এই সেবা সহজিকরণের ফলে কাউন্সিল ও অংশগ্রহণকারী উভয়পক্ষ উপকৃত হচ্ছে। | বাস্তবায়িত |
| ২.২ | একটি সেবা ডিজিটাইজকরণ; | বিগত ৩০.০৮.২০২১ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের অ্যাক্রেডিটেশন ম্যানুয়াল ডিজিটাইজেশনের মাধ্যমে 'Digital User's Manual' তৈরি করার লক্ষ্যে একটি খসড়া পরিকল্পনা/স্ক্রিপ্ট প্রস্তুত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। যেহেতু ম্যানুয়ালের অনেক বিষয় অ্যাক্রেডিটেশন বিধিনালার ওপর নির্ভরশীল তাই কাউন্সিলের অ্যাক্রেডিটেশন বিধিমালা, ২০২১ মন্ত্রণালয় হতে অনুমোদন সাপেক্ষে স্ক্রিপ্ট চূড়ান্ত করা হবে মর্মে সভা একমত হয়। | বাস্তবায়ন চলমান রয়েছে। |
| ২.৩ | ই-নথির ব্যবহার বৃদ্ধি; | কাউন্সিলে ই-নথি কার্যক্রম চালুকরণের লক্ষ্যে a2i দপ্তরে পুনরায় তাগিদপত্র প্রেরণ করা হয়েছে এবং a2i হতে চাহিদাকৃত তথ্যসমূহ প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। ই-নথি চালুকরণের লক্ষ্যে কাউন্সিল হতে অব্যাহত যোগাযোগের | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | প্রেক্ষিতে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে কাউন্সিলের ই-নথি কার্যক্রম চালুকরা সম্ভব হবে বলে a2i হতে মৌখিকভাবে আশ্বস্ত করা হয়েছে। | |
| ২.৪ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন; | ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে Higher Education in the Era of Industrial Revolution 4.0 শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালায় University of Malaya, Kuala Lumpur, Malaysia এর Innovative Industry and Sustainability Science, Institute of Research Management and Monitoring এর ডিন এবং Department of Mechanical Engineering এর অধ্যাপক ড. এ.এস.এম.এ. হাসিব মূল প্রবন্ধ উপস্থাপন করেন এবং ০৮টি পাবলিক ও ১৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১৯০ জন আমন্ত্রিত ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান অংশগ্রহণ করছেন মর্মে সভাকে অবহিত করা হয়। | বাস্তবায়িত। |
| ২.৫ | কাউন্সিলের তথ্য বাতায়ন হালনাগাদকরণ; | কাউন্সিলের উপ পরিচালক জনাব মোহাম্মদ আবদুল আলীমের তত্ত্বাবধানে প্রশাসনিক কর্মকর্তা জনাব মোস্তফা জহির উদ্দিন নিয়মিত ভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করছেন মর্মে সভাকে অবহিত করা হয়। | প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। |
| ২.৬ | ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন; | ২৯/০৯/২০২১ তারিখে কাউন্সিলকর্তৃক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষনে কাউন্সিলের সকল কর্মকর্তা অংশগ্রহন করেছেন মর্মে সভাকে অবহিত করা হয়। | বাস্তবায়িত। |
| ২.৭ | বিবিধ: একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক আলোচনা | উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য আইসিটি বিষয়ক কর্মকর্তা আবশ্যক বিধায় কাউন্সিলে অতিসত্বর প্রোগ্রামার নিয়োগের বিষয়ে সুপারিশ করা হয়েছিল মর্মে সভাকে অবহিত করা হয়। কাউন্সিলের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে এবং এটি একটি দীর্ঘ প্রক্রিয়া বিধায় বিদ্যমান সকল কর্মকর্তা সরকার নির্দেশিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক নির্দেশিকা অনুসরণপূর্বক একটি উদ্ভাবনী ধারণা পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সভার সকলে একমত প্রকাশ করেন। | বাস্তবায়ন চলমান রয়েছে। |

৩০/০৯/২০২১

(মোহাম্মদ তাজিব উদ্দিন)
পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল